



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পরিদর্শন-১ শাখা
www.lgd.gov.bd



স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.১০৪.১৬.০০৫.২১.১৬

তারিখ: ২৫ কার্তিক ১৪২৮

১০ নভেম্বর ২০২১

বিষয়: উপপরিচালক, সুনামগঞ্জ কর্তৃক ৩০/১২/২০১৯ তারিখে দক্ষিণ সুনামগঞ্জ উপজেলার শিমুলবাঁক ইউনিয়নস্থ একটি উন্নয়ন প্রকল্প সরেজমিনে পরিদর্শন প্রতিবেদন সংক্রান্ত।

সূত্র: ০৫.৪৬.৯০০০.০১১.১৩.০০৪.১৯.১২১০(১০) ০৮ জানুয়ারি ২০২০

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে, উপপরিচালক, সুনামগঞ্জ গত ৩০/১২/২০১৯ খ্রি. তারিখে দক্ষিণ সুনামগঞ্জ উপজেলার শিমুলবাঁক ইউনিয়নস্থ সর্দারপুর রহিম উদ্দিনের বাড়ী হইতে কলিম উদ্দিনের বাড়ী পর্যন্ত রাস্তা সিসি দ্বারা উন্নয়ন প্রকল্প সরেজমিনে পরিদর্শন করেন। উক্ত পরিদর্শন প্রতিবেদন বাস্তবায়নের নিমিত্ত নিম্নরূপ মতামত প্রদান করেনঃ

- (০১) প্রকল্প রাস্তার উভয় পার্শ্বে বৃক্ষ রোপনের পরামর্শ প্রদান করা হলো।
- (০২) বন্যার পানির সর্বোচ্চ স্তরের সাথে সামঞ্জস্য রেখে রাস্তার উচ্চতা নির্ধারণের জন্য পরামর্শ প্রদান করা হলো।
- (০৩) রাস্তার উভয় পাশে মাটি ভরাট করে দুর্বা ঘাসের চাপড়া লাগানোর জন্য পরামর্শ প্রদান করা হলো।
- (০৪) ভ্যাট ও আইটি বাদ দিয়ে প্রকল্পের অর্থ ছাড়ের জন্য ইউপি চেয়ারম্যান ও ইউপি সচিবকে অনুরোধ করা হলো।
- (০৫) নিদিষ্ট মেয়াদ পর্যন্ত জামানত সংরক্ষণের জন্য পরামর্শ প্রদান করা হলো।
- (০৬) প্রকল্পের প্রি-ওয়ার্ক ও পোস্ট ওয়ার্ক ছবি নথিতে সংরক্ষণের জন্য ইউপি চেয়ারম্যান ও ইউপি সচিবকে অনুরোধ করা হলো।
- (০৭) প্রকল্প নথি যথাযথভাবে সংরক্ষণের জন্য পরামর্শ প্রদান করা হলো।

০২। এমতাবস্থায়, উক্ত মতামতের উপর সর্বশেষ তথ্য ২০ (বিশ) কার্যদিবসের মধ্যে এ বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১০-১১-২০২১

শিপ্রা দত্ত

চেয়ারম্যান, শিমুলবাঁক ইউনিয়ন, দক্ষিণ সুনামগঞ্জ,
সুনামগঞ্জ।

সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)
ফোন: ৯৫৪৫৯৩

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.১০৪.১৬.০০৫.২১.১৬/১(৬)

তারিখ: ২৫ কার্তিক ১৪২৮
১০ নভেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক-১ (অতিরিক্ত দায়িত্ব), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
- ৩) উপ পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ।
- ৪) সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫) মহাপরিচালক (মইই) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৬) অফিস, কপি



১০-১১-২০২১

শিপ্রা দত্ত

সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)